



বাণী

১৬ ডিসেম্বর ২০২১

আজ ১৬ই ডিসেম্বর ২০২১। মহান বিজয় দিবস। বিজয় দিবসের ৫০তম বছরপূর্তির এই শুভলগ্নে আমি দেশ-বিদেশে অবস্থানরত সকল বাংলাদেশিকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাই।

আমি প্রথমেই গভীর শ্রদ্ধার সাথে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ করছি। তাঁর দূরদর্শী নেতৃত্বে পৃথিবীর মানচিত্রে বাংলাদেশ নামক রাষ্ট্রের জন্ম হয়। আমি ত্রিশ লক্ষ শহিদ ও দুই লক্ষ মা-বোনের প্রতি বিন্দু শ্রদ্ধা জানাই। তাঁদের সর্বোচ্চ ত্যাগের বিনিময়ে আমরা স্বাধীন সার্বভৌম বাংলাদেশ পেয়েছি। আমি যুদ্ধাহত মুক্তিযোদ্ধাসহ সকল মুক্তিযোদ্ধার প্রতি সশ্রদ্ধ সালাম জানাই। আমাদের মুক্তিযুদ্ধকালীন সকল বিদেশি বন্ধু, প্রবাসী বাঙালি ও কূটনৈতিক ফ্রন্টের সদস্য বিশেষ করে যারা পাকিস্তান সরকারের পক্ষ ত্যাগ করে বঙ্গবন্ধুর আবেদনে সাড়া দিয়েছিল তাদের প্রতিও আমি গভীর কৃতজ্ঞতা জানাই। তাঁদের সহযোগিতা আমাদের বিজয়কে ত্বরান্বিত করেছিল।

এবারের বিজয় দিবস আমাদের জন্য অনেক বেশি তাৎপর্যপূর্ণ। এবছর আমরা দুটি ঐতিহাসিক উৎসব- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং বাংলাদেশের সুবর্ণ জয়ন্তী পালন করছি। মাত্র সাড়ে তিন বছরে জাতির পিতা যখন যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশের পুনর্বাসন ও পুনর্গঠনের কঠিন কাজ সম্পন্ন করেন। দেশের অগ্রগতিকে থামিয়ে দিতে ১৯৭৫ সালে বাঙালি জাতির শত্রুরা বঙ্গবন্ধুকে হত্যা করে। তবে বঙ্গবন্ধুর দেখানো পথ ধরে তাঁর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা বাংলাদেশকে বঙ্গবন্ধুর স্বপ্নের 'সোনার বাংলা' হিসেবে গড়ে তুলতে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। অর্থনৈতিক সমৃদ্ধি ছাড়াও দারিদ্র্য বিমোচন, নারীর ক্ষমতায়ন, জলবায়ু পরিবর্তন বিষয়ক সমস্যা মোকাবিলা, শিশু মৃত্যুর হার কমানোসহ নানা ক্ষেত্রে বাংলাদেশ বিশ্বে আজ রোল মডেলে পরিণত হয়েছে। বাংলাদেশের উন্নয়নের অপ্রতিরোধ্য গতি বিশ্ববাসীকে বিস্মিত করেছে।

আমাদের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখার জন্য প্রবাসী বাংলাদেশিদের প্রতি আমি অভিনন্দন জানাই। একইসাথে পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে অবিরাম কাজ করে যাওয়া সকল সদস্যদের প্রতি রইল আমার শুভেচ্ছা।

বাংলাদেশের জনগণ এবং বিশ্বমানবতার কল্যাণে সবাই নিজ নিজ অবস্থান থেকে কাজ করে যাবে বলে আমি প্রত্যাশা করি।

জয়বাংলা, জয় বঙ্গবন্ধু,  
বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ শাহরিয়ার আলম, এমপি